# বারাসাত মহকুমা ক্রীড়া সংস্থা

(স্থাপিত- ১৯৪০)
রেজিঃ নং- SO 165180

রেজিঃ অফিস :
সন্তোষ ক্রীড়া ভবন,
বনমালিপুর, বারাসাত
কলকাতা - ৭০০ ১২৪

সিটিঅফিস :-
কে.এন.সি.রোড
(হরিতলা মোড়), বারাসাত
কলকাতা - ৭০০ ১২৪

বুলেটিন

সংখ্যা- ১১ ৮৬ তম বর্ষ ক্রীড়াবর্ষ - ২০২৫-২০২৬ তারিখ : ১৫/০৭/২০২৫

## শোক সংবাদ

বারাসাতের প্রাক্তন ফুটলার বিধুরঞ্জন পোদ্দার গত ২৩শে এপ্রিল শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। তিনি বারাসাত অগ্রদূত সংঘের হয়ে দীর্ঘদিন ফুটবল খেলেছেন। এছাড়া তিনি কোলকাতা ময়দানে হাওড়া ইউনিয়ন দলের অধিনায়কও ছিলেন। আমরা তার বিদেহী আত্মার শান্তি কামনা করি ও পরিবারবর্গের প্রতি সমবেদনা জ্ঞাপন করছি।

ক্রম সংখ্যা- ১০

## আনন্দ সংবাদ

অত্যন্ত আনন্দের সাথে জানাই সি.এ.বি. পরিচালিত সারা বাংলা আন্তঃমহকুমা অনূর্দ্ধ ১৫ বৎসর ক্রিকেট প্রতিযোগিতায় আমরা বারাসাত মহকুমা যুগ্ম চ্যাম্পিয়ান হওয়ার গৌরব অর্জন করেছি। প্রথম খেলায় বনগাঁ সাব-ডিভিশনকে পরাজিত করি ৭ উইকেটে। দ্বিতীয় খেলায় বসিরহাট সাব-ডিভিশনের বিরুদ্ধে আমরা ১০ উইকেটে জয়লাভ করি এবং **Group** লীগের শেষ খেলায় আমরা ব্যারাকপুর সাব-ডিভিশনের বিরুদ্ধে ৪ উইকেটে জয়লাভ করে জেলা থেকে চ্যাম্পিয়ান হয়ে আমরা নক্-আউট পর্যায়ে উন্নিত হই।

নক্-আউট পর্যায়ে প্রথম খেলায় অর্থাৎ কোয়ার্টার ফাইনালে আমরা খড়গপুর সাব-ডিভিশনকে ২ উইকেটে পরাজিত করে সেমি-ফাইনালে উন্নীত হই। সেমি-ফাইনালে হাওড়া জেলাকে ৬ উইকেটে পরাজিত করে আমরা ফাইনালে বারুইপুর মহকুমার মুখোমুখি হই। গত ১৮ই জুন ২০২৫ ফাইনাল খেলা অনুষ্ঠিত হয় কল্যাণীর সি.এ.বি. ক্রিকেট একাডেমি মাঠে, কিন্তু প্রাকৃতিক দুর্যোগের কারণে খেলা অনুষ্ঠিত হতে পারেনি। সি.এ.বি.-র পক্ষ থেকে আমাদের বারাসাত ও বারুইপুর মহকুমাকে যুগ্ম চ্যাম্পিয়ন হিসাবে ঘোষণা করে।

এই প্রতিযোগিতায় এই প্রথম বার আমাদের বারাসাত মহকুমা ফাইনালে ওঠার গৌরব অর্জন করল। খেলোয়াড়দের পাশাপাশি এই কৃতিত্ব আমাদের ক্রিকেট কোচ, বারাসাতের প্রাক্তন ক্রিকেটার প্রলয় দেরও। কোচ প্রলয় দে এই টিমের পিছনে অক্লান্ত পরিশ্রম করেছেন এবং দলকে একসূত্রে বেঁধেছেন।

অনূর্দ্ধ ১৫ বৎসর ক্রিকেট প্রতিয়োগিতায় বারাসাত মহকুমাকে যাঁরা গৌরবান্বিত করেছেন-

১. সাকিব মণ্ডল (অধিনায়ক, উইকেট কিপার) ২. রূপম জানা, ৩. রাহিল ঘড়াই, ৪. সৌগত রায়, ৫. তিয়াস দাস, ৬. অর্ঘ দাস, ৭. দ্যুতিপ্রভ পাল, ৮. সৌভিক রায়, ৯. জ্যোতি বিশ্বাস, ১০. সৌহার্দ্য নিয়োগী, ১১. দেবজ্যোতি ভৌমিক, ১২. রোহিত চৌধুরী, ১৩. শুভ্রকমল হালদার, ১৪। প্রিয়াংশু সরকার, ১৫. ভাব্বা ধানানি, ১৬. প্রিয়াংশু নাথ, ১৭. দেয়াঙ্ক রায়, ১৮. ঋষিক মিত্র, ১৯. সন্ময় বোস, ২০. রাহুল মন্ডল। কোচ— শ্রী প্রলয় দে।

ক্রম সংখ্যা- ১১

## রাজ্য এ্যাথলেট

সল্টলেক ও সাই তে অনুষ্ঠিত রাজ্য এ্যাথলেট মিট-এ আমাদের বারাসাতের প্রতিয়োগীরা উত্তর ২৪ পরগনা জেলার হয়ে অংশগ্রহণ করেছিল। ব্যক্তিগত ইভেন্টে অনূর্দ্ধ ২০ বৎসর বালিকা বিভাগে সীমা খাতুন (সুভাষ ইনস্টিটিউট) লং জাম্প ও ত্রিপল জাম্প-এ প্রথম স্থান অধিকার করে রাজ্য দলে সুযোগ করে নিয়েছে। আমরা সীমা খাতুন-এর উজ্জ্বল ভবিষ্যৎ কামনা করি।

অনূর্দ্ধ ১৬ বালিকা বিভাগে

অন্বেষা চৌধুরী (সুভাষ ইনস্টিটিউট) ৮০ মিটার হার্ডেলস্-এ তৃতীয় স্থান অধিকার করেন।

Contd....p/2

সহেলি পারভিন (মিলনী) ৬০০ মিটার দৌড়ে তৃতীয় স্থান লাভ করেন।

**Relay-Race** উত্তর ২৪ পরগনা জেলা প্রথম স্থান অধিকার করে এবং এই দলে আমাদের বারাসাতের সহেলি পরবিন (সুভাষ ইনস্টিটিউট) ও প্রীতি বাছার (ব্রতী সংঘ ) জেলার হয়ে অংশগ্রহন করে।

অনূর্দ্ধ ১৬ বালক বিভাগে

পূর্ণেন্দু পাত্র (ব্রতী সংঘ ) **Midlay-Relay** -তে দ্বিতীয় স্থানাধিকারী দলের সদস্য ছিলেন।

অনূর্দ্ধ ২০ বৎসর বালিকা বিভাগে

**Relay-Race** উত্তর ২৪ পরগনা জেলা দল দ্বিতীয় স্থান লাভ করে। এই দলে আমাদের বারাসাতের সীমা খাতুন (সুভাষ ইনস্টিটিউট), পূজা দাস (ব্রতী সংঘ ) ও টিনা মণ্ডল (বিড়াপল্লী সংঘ ) অংশগ্রহণ করে। চারজন প্রতিযোগিনীর মধ্যে ৩ জনই আমাদের বারাসাতের।

অনূর্দ্ধ ১৬ বালক বিভাগে

এই বিভাগে আকাশ সরকার (ব্রতী সংঘ ) **Midlay-Relay** তে তৃতীয় স্থানাধিকারী দলের সদস্য ছিলেন।

অনূর্দ্ধ ১৮ বৎসর বালক বিভাগে

জিসান আলি মোল্লা (মিলনী ) **Midlay-Relay** তে দ্বিতীয় স্থানাধিকারী দলের সদস্য ছিলেন।

অনূর্দ্ধ ১৮ বৎসর বালিকা বিভাগে

সোনিয়া পারভিন (ব্রতী সংঘ ) **Midlay-Relay** তে তৃতীয় স্থানাধিকারী দলের সদস্য ছিলেন।

ক্রম সংখ্যা- ১২

## ফুটবল লীগ ২০২৫-২৬

আমাদের ২০২৫-২৬ ক্রীড়াবর্ষের ফুটবল লীগ শুরু হয়েছে। দ্বিতীয় ডিভিশন ফুটবল লীগ প্রায় শেষের পথে। দ্বিতীয় বিভাগে মোট ১০টি দলকে দুটি ভাগে বিভক্ত করে লীগ পর্যায়ের খেলা চলছে। লীগ পর্যায়ের শেষে দুটি **Group** থেকে শীর্ষস্থানাধিকারী দুই দলকে নিয়ে **Play-off** ম্যাচের মাধ্যমে চ্যাম্পিয়ান ও রানার্স আপ নির্ধারিত হবে।

অতি বৃষ্টির কারণে আমরা এখনও আমাদের সুপার ডিভিশনের খেলা শুরু করতে পারিনি। আপনারা সকলেই অবগত আছেন যে টিমের সংখ্যা কম হওয়ার কারণে আমরা গত ক্রীড়াবর্ষ থেকে প্রথম ডিভিশনকে একত্রিত করে খেলা শুরু করেছি। এবছরও ১২টি দলকে দুটি **Group** এ ভাগ করে খেলা শুরু করতে চলেছি। এবছরও গতবারের ন্যায় দুটি **Group** এ শীর্ষস্থানাধিকারী দুটি করে দলকে নিয়ে অর্থাৎ মোট ৪টি দলকে নিয়ে নক—আউট পর্যায়ের খেলা হবে। নকআউট পর্যায়ে **A-Group** এর চ্যাম্পিয়ান দল **B- Group** এর রানার্স আপ দলের সাথে এবং **A- Group** এর রানার্স আপ দল ও **B- Group** চ্যাম্পিয়ান দলের সাথে খেলবে। বিজয়ী দুটি দলকে নিয়ে গতবারের ন্যায় ফাইনাল খেলা অনুষ্ঠিত হবে।

শ্রী শ্যামসুন্দর চ্যাটার্জী
অবৈতনিক সহ-সাধারণ সম্পাদক
বারাসাত মহকুমা ক্রীড়া সংস্থা

ইন্দ্রজিৎ নাগ
অবৈতনিক ফুটবল সম্পাদক
বারাসাত মহকুমা ক্রীড়া সংস্থা

শ্রী প্রলয় কুমার বিশ্বাস
অবৈতনিক সাধারণ সম্পাদক
বারাসাত মহকুমা ক্রীড়া সংস্থা

রবি চন্দ্র নাথ
অবৈতনিক ক্রিকেট সম্পাদক
বারাসাত মহকুমা ক্রীড়া সংস্থা